তারিখ 17 NOV 1991 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 4

দৈনিক সংবাদ

48

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

## উপাচার্যের বাসভবনের ফটকে শিবিরকর্মীদের সশস্ত্র পাহারা

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ১৬ই নভেম্বর।– ইসলামী ছাত্র শিবিরের সশস্ত্র কর্মী ও সিরাজুস সালেহীন বাহিনীর সদস্যরা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে তাদের অব্যাহত সন্ত্রাসী তৎপরতা আরো জোরদার করেছে। শিবিরের অস্ত্রধারীদের বাধার

উপাচার্য ঃ পৃঃ ১২ কঃ ৪

## উপাচার্য ঃ বাস ভবনের ফটকে পাহারা

(১ম পাতার পর)

মুখে আজ শনিবার পদার্থবিদ্যা বিভাগের সহযোগী অধ্যাপক পদের পদোন্নতির জন্য নির্বাচনী কমিটির সভা হতেপারেনি।

এদিকে শিবিরকর্মীরা আজ সকাল থেকে উপাচার্য ভবনের ফটকে সশস্ত্র পাহারা বসিয়েছে। তারা উপাচার্যের বাসভবনের সঙ্গে সংযুক্ত টেলিফোন লাইনও বিচ্ছিন্ন করে দিয়েছে।

এ পর্যায়ে বিশ্ববিদ্যালয় অফিসার সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদক তাদের পেশাগত কিছু বিষয় নিয়ে উপাচার্যের সঙ্গে আলোচনা করতে গেলে শিবিরকর্মীরা তাদের সঙ্গেও অশোভন আচরণ করে।